



ইরানে গালিবায়ের সঙ্গে স্পিকার হাফিজ উদ্দিনের বৈঠক



ইরানে গালিবায়ের সঙ্গে স্পিকার হাফিজ উদ্দিনের বৈঠক। ছবি: সংগৃহীত

ইরান সফররত জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ তেহরানে দেশটির পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের গালিবায়ের সঙ্গে বৈঠক করেছেন। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির রাষ্ট্রীয় জানাজা ও শেষকৃত্যে অংশ নিতে তিনি বর্তমানে তেহরানে অবস্থান করছেন।

গুত্রবার (৩ জুলাই) অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশ ও ইরানের দ্বিপক্ষীয় সম্পর্ক, আঞ্চলিক পরিস্থিতি এবং শান্তি প্রতিষ্ঠার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজে প্রকাশিত এক পোস্টে এ তথ্য জানানো হয়েছে।

বৈঠকে স্পিকার হাফিজ উদ্দিন আহমদ খামেনির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন এবং বাংলাদেশ সরকার ও জনগণের পক্ষ থেকে ইরানের সরকার ও জনগণের প্রতি সমবেদনা ও সহতি জানান।

তিনি বলেন, বাংলাদেশ ও ইরানের মধ্যে দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সাংস্কৃতিক যোগাযোগ এবং পারস্পরিক সহযোগিতার ভিত্তি আরও শক্তিশালী করার সুযোগ রয়েছে। একই সঙ্গে ইরান ও যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক সমঝোতাকে ইতিবাচক উদ্যোগ হিসেবে উল্লেখ করে এর মাধ্যমে মধ্যপ্রাচ্যে শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার আশা প্রকাশ করেন।

বাংলাদেশের স্পিকার চলমান শান্তি উদ্যোগে সংলাপ ও কূটনীতির গুরুত্ব তুলে ধরেন এবং পারস্পরিক সুবিধাজনক সময়ে বাংলাদেশ সফরের জন্য স্পিকার মোহাম্মদ বাঘের গালিবায়কে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান।

এর আগে বৃহস্পতিবার হাফিজ উদ্দিন আহমদের নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল তেহরানে পৌঁছালে বিমানবন্দরে তাদের স্বাগত জানান ইরানের ইসলামি পরামর্শ পরিষদের ডেপুটি স্পিকার হামিদ রেজা হাজি বাবায়ৈ।